



কিশোর আবাসে সত্যজিৎ

সত্যজিৎ রায়ের সঙ্গে কিশোরকুমারের একটা আত্মীয়তার সম্পর্ক আছে। কিশোরকুমার সত্যজিৎবাবুকে মামা সম্বোধনে ডাকেন। একবার বোমবাইতে সত্যজিৎ রায় এসেছেন শুনে কিশোরকুমার ছুটে গেলেন তাঁর কাছে, ধরে নিয়ে এলেন নিজের জুহুর বাড়িতে। ঘুরে ঘুরে মামাকে দেখাতে লাগলেন নিজের বাড়ি, বাগান প্রভৃতি। ওঁদের দুজনের এই দুর্লভ একান্ত মুহূর্তগুলি ক্যামেরায় তুলে রেখেছিলেন সত্যজিৎ-পুত্র তরুণ চিত্রপরিচালক সন্দীপ রায়। প্রয়াত গায়কের প্রতি বিনম্র শ্রদ্ধায় সেই চিত্রগুলি এখানে মুদ্রিত করা হল।



